প্রশিক্ষণ সেশন চেকলিস্ট

প্রতিটি প্রশিক্ষণ সেশনের আগে নিশ্চিত করুন যে আপনি নিজেকে প্রস্তুত করার জন্য প্রচুর সময় দিয়েছেন। নিশ্চিত করুন যে, মোবাইল ফোন সেট আপ করার জন্য যথেষ্ট সময় আপনার হাতে আছে, যদি কোনো কারণে অনেক বেশি সময় এটি করতে লেগে যায়।

- আপনার সেশনের জন্য প্রয়োজনীয় সমস্ত উপকরণ আপনার কাছে আছে কিনা তা পরীক্ষা করে দেখে নিন (প্রতিটি মডিউলের রূপরেখা পৃষ্ঠায় প্রয়োজনীয় উপকরণগুলির তালিকা দেখে নিন)।
- নিশ্চিত করুন যে সমস্ত ফোনগুলি চার্জ করা হয়েছে।
- আপনি ফোনে ব্যবহার করতে চান এমন সমস্ত পরিষেবা ডাউনলোড এবং সেট আপ করে রাখুন।
- নিশ্চিত করুন যে আপনি যে সমস্ত মোবাইল নম্বর ব্যবহার করতে যাচ্ছেন সেগুলি প্রশিক্ষণে ব্যবহৃত সমস্ত মোবাইলে সংরক্ষিত আছে।
- অংশগ্রহণকারীদের হাতে ফোন দেওয়ার আগে সেগুলি থেকে সমস্ত ব্যক্তিগত ডেটা (যেমন ফটো, বার্তা, ইত্যাদি) সাফ করে রাখুন।
- আপনার প্রশিক্ষণ বিষয়বস্তু বুঝে নিন।
- একটি মোবাইল নেটওয়ার্ক প্রদানকারীর কাছে সমস্ত ফোনে মোবাইল ইন্টারনেট সক্রিয় করে রাখবেন (মনে রাখবেন যে এটি করতে বেশ কয়েক দিন সময় নিতে পারে)।
- আপনার ফোনের নামগুলি ঠিক করে রাখুন। প্রতিটি ফোনের পিছনে সেটির নাম এবং মোবাইল নম্বর সহ একটি লেবেল আটকে দিন যাতে আপনি প্রশিক্ষণের সময় সেটি সনাক্ত করতে পারেন।
- আপনার সংযোগ পরীক্ষা করুন – যদি MiFi/Wi-Fi ব্যবহার করেন, তাহলে পরীক্ষা করুন সেগুলি যেন কাজ করে এবং সব ফোন যেন তাতে সাইন-ইন করা থাকে।
- সমস্ত ফোনে মোবাইল ইন্টারনেট ডেটা লোড করে রাখুন।